

ধান ফসলে পাতা মোড়ানো পোকার আক্রমণ ও প্রতিকার

বাংলাদেশের বিভিন্ন এলাকায় ধানের জমিতে পাতা মোড়ানো পোকার আক্রমণ লক্ষ্য করা যাচ্ছে। ডিম থেকে ফোটার পর কীড়াগুলো গাছের মাঝখানের দিকের পাতার একেবারে মাথায় দু-একদিন কুরে কুরে খায় (চিত্র-১)। তারপর আন্তে আন্তে মুখের লাল দিয়ে পাতাকে লম্বালম্বিতাবে মুড়িয়ে নলাকার করে ফেলে এবং মোড়ানো পাতার মধ্যে থেকে পাতার সবুজ অংশ কুরে কুরে খেয়ে ফেলে। এ পোকার ক্ষতিগ্রস্ত পাতায় প্রথমদিকে সাদা লম্বা খাওয়ার দাগ দেখা যায় (চিত্র-২)। খুব বেশী ক্ষতি করলে পাতাগুলো পুড়ে যাওয়ার মত দেখায়।



চিত্র ১: পোকার কীড়া



চিত্র ২: পাতা মোড়ানো পোকা



চিত্র ৩: পোকার ক্ষতির নমুনা

এই পোকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- আলোক ফাঁদ ব্যবহার করুন।
- জমিতে পাচিং করুন।
- ইউরিয়া সারের অতিরিক্ত ব্যবহার পরিহার করুন।
- জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
স্পিনোস্যাড ২.৫এসসি	সাকসেস ২.৫এসসি	০.৭৫ লিটার
স্পিনোস্যাড ৪৫এসসি	এনট্রাস্ট ৪৫এসসি	০.৫ লিটার
কার্বারিল	সেভিন ৮৫ এসপি	১.৭ কেজি
আইসোপ্রোক্যার্ব/এমআইপিসি	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি
ক্রোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার



কীটতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

[Signature]

11.09.2023